

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ই-মেইলযোগে

নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ/শানিবাউবি পরিপত্র নং-০৩/২০১৫

তারিখঃ ১৭ ভাদ্র, ১৪২২ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর, ২০১৫ খ্রিষ্টাব্দ

- ১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ৪। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ৫। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকদের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ২০১৫-২০১৬ অর্থ বছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি। (Agricultural & Rural Credit Policy and Programme for the FY 2015-2016)

প্রিয় মহোদয়,


বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর কৃষি ঋণ ও আর্থিক সেবাভুক্তি বিভাগের ২৭ জুলাই, ২০১৫/১২ শ্রাবণ, ১৪২২ তারিখের এসিডি সার্কুলার নং-০৪ মূলে প্রাপ্ত ২০১৫-২০১৬ অর্থ বছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির পুস্তিকা আপনাদের সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে হুবহু পুনঃমুদ্রণ করে এতদসংগে প্রেরণ করা হলো(কপি সংযুক্ত)।

০২। উক্ত কৃষি পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির নির্দেশনা মোতাবেক বিভিন্ন ফসল উৎপাদন ঋণ নিয়মাতার যথাযথ অনুসরণপূর্বক ২০১৫-২০১৬ অর্থ বছরের ঋণ বিতরণ কর্মসূচী সাফল্যমন্ডিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে। এ বছরে কৃষি ও পল্লী ঋণ নীতিমালায় কতিপয় নতুন খাত সংযোজনসহ গত বছরের নর্মস পরিবর্তন করা হয়েছে। কাজেই ২০১৫-২০১৬ অর্থ বছরের আলোচ্য কৃষি ও পল্লী ঋণ নীতিমালা পুংখানুপুংখভাবে পড়ে অনুধাবনপূর্বক প্রতিটি বিষয়েই কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে। ২০১৫-২০১৬ অর্থ বছরের কৃষি/পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির পুস্তিকায় সকল ব্যাংকের জন্য অনুসরণীয় স্বল্পমেয়াদি কৃষি (ফসল) ঋণ/বিনিয়োগের একটি অভিন্ন নমুনা আবেদন ফরম সংযোজন করা হয়েছে (পরিশিষ্ট-ঘ)। উক্ত ঋণ আবেদন ফরমে কিছুটা সংশোধনের প্রয়োজন রয়েছে-যা বাংলাদেশ ব্যাংকের সাথে আলোচনা হয়েছে। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক থেকে সংশোধিত স্বল্পমেয়াদি কৃষি (ফসল) ঋণ আবেদন ফরমের নমুনা না পাওয়া পর্যন্ত আলোচ্য ঋণ আবেদন ফরম মুদ্রণপূর্বক শাখাসমূহে প্রেরণের প্রয়োজন নেই। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ব্যাংকের বর্তমানে প্রচলিত শস্য ঋণের আবেদন ফরম ব্যবহার করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৩। উল্লেখ্য, যারা জমি ভাড়া নিয়ে মৌসুমওয়ারী ফসল উৎপাদন করেন তাদের ক্ষেত্রে ফসল উৎপাদনের ঋণ নিয়মাতার (পরিশিষ্ট-'ঙ') এর ১০নং কলাম প্রযোজ্য হবে। তবে যারা নিজস্ব মালিকানাধীন জমিতে চাষাবাদ করেন তাদের ক্ষেত্রে উপরোক্ত ১০নং কলাম প্রযোজ্য হবে না। শাখা ব্যবস্থাপকগণকে ঋণ মঞ্জুরীর সময় এ বিষয়ের প্রতি বিশেষ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা।

০৪। কৃষি ঋণ বিতরণে কোন অবস্থায়ই দীর্ঘসূত্রীতা অবলম্বন করা যাবে না। ঋণ বিতরণে গতিশীলতা আণয়নপূর্বক স্বচ্ছতা ও জবাবদীহিতা নিশ্চিত করতে হবে। কৃষি ঋণ বিতরণে স্বচ্ছতা ও জবাবদীহিতা নিশ্চিতকল্পে শাখার আওতাধীন নির্ধারিত স্থানে (ইউনিয়ন পরিষদ, স্কুল প্রাঙ্গন ইত্যাদি) ইউনিয়নের চেয়ারম্যান/মেম্বর, শিক্ষক, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে প্রকাশ্যে কৃষি ঋণ বিতরণের ব্যবস্থা করতে হবে। এলাকার কৃষকগণ যাতে তাদের চাহিদা ও প্রাপ্যতা অনুযায়ী হয়রানীমুক্তভাবে সময়মত কৃষি ঋণ পেতে পারেন সে লক্ষ্যেও কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে। কৃষি ঋণ বিতরণে কোন রকম দুর্নীতি ও অনিয়ম পরিলক্ষিত হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।


০৫। বিভাগীয় মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে শাখা পরিদর্শনকালে শাখাসমূহ কর্তৃক কৃষি ঋণ বিতরণে উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন/অনুসরণ করা হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
সংযুক্তিঃ-বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,

(এ,আর,এম আনিস উজ্জামান)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৭৪০২৫
তারিখঃ ০১-০৯-২০১৫

নং প্রকা/শানিবাউবি-১(০৪)/২০১৫-২০১৬/২৩৬(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর, ঢাকা।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৭। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৯। নথি/মহানথি।


(মোঃ শাহজাহান)
সহকারী-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৮৭২৩৬